



স্মারক নংঃ- উপজেস্বাকম/জকি/২৬/১২৮৩

তারিখ:- ০৭ সেপ্টেম্বর ২০২৬ ইং
২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

“অফিস আদেশ”

বিষয়ঃ ডকুমেন্টস সত্যায়ন করার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পুলিশ ভেরিফিকেশন অথবা যেকোনো ধরনের কাগজপত্র/ডকুমেন্টস সত্যায়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

- ১। পুলিশ ভেরিফিকেশন অথবা যেকোনো কাজে কাগজপত্র সত্যায়নের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিকে স্ব-শরীরে উপস্থিত হতে হবে।
- ২। যে ব্যক্তি তাঁর কাগজপত্র সত্যায়ন করবেন, তাঁকে অবশ্যই মূল কাগজপত্রসহ স্ব-শরীরে উপস্থিত হতে হবে।
- ৩। ইউনিয়ন পরিষদের জন্ম নিবন্ধন অথবা অন্যান্য সনদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদের উপর চেয়ারম্যানের স্বাক্ষর ও সিল অবশ্যই থাকতে হবে।
- ৪। অন্য কোনো দপ্তরের পেনশন সংক্রান্ত অথবা অফিসিয়াল কাগজপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিজ দপ্তরের উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়িত করে নিতে হবে।
- ৫। প্রবাসীদের অতি জরুরী গুরুত্বপূর্ণ কাগজ/সনদ-সত্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদ/কাগজের উপর উপজেলা নির্বাহী অফিসার অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানের সুপারিশসহ নিয়ে আসতে হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

(ডা. শেখ মোহাম্মদ আব্দুল আহাদ)

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জকিগঞ্জ, সিলেট।

ই-মেইলঃ zakiganj@uhfpo.dghs.gov.bd

স্মারক নংঃ- উপজেস্বাকম/জকি/২৬/১২৮৩ (২৫)

তারিখ:- ০৭ সেপ্টেম্বর ২০২৬ ইং
২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সিভিল সার্জন, সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, জকিগঞ্জ, সিলেট।
- ৩। আবাসিক মেডিকেল অফিসার/মেডিকেল অফিসার(সকল), অত্র স্বাস্থ্য কমপ্লেক্স।
- ৪। চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, জকিগঞ্জ, সিলেট।
- ৫। অফিস কপি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জকিগঞ্জ, সিলেট।